


# বাজেট

## ২০২৪-২০২৫



















**নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন**



# বাজেট
## ২০২৪-২০২৫

নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন

# সূচীপত্র


বাজেট বক্তৃতা ০৩

২৭টি ওয়ার্ডে বাস্তবায়িত ও বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের বিবরণ ০৮

এক নজরে ২০২৩-২০২৪ অর্থ বছরের সংশোধিত ও ২০২৪-২০২৫ অর্থবছরের প্রস্তাবিত বাজেট ০৯

২০২৪-২০২৫ অর্থ বছরের প্রস্তাবিত বাজেটের গ্রাফ ১০

এক নজরে খাতভিত্তিক ২০২৩-২০২৪ অর্থবছরের সংশোধিত এবং ২০২৪-২০২৫ অর্থ বছরের প্রস্তাবিত বাজেট ১৩

বিস্তারিত বাজেট

- রাজস্ব আয় ও ব্যয় ১৫
- উন্নয়ন হিসাব (রাজস্ব) ২৫
- সরকারি উন্নয়ন হিসাবের (থোক বরাদ্দের আওতায় গৃহীত প্রকল্পের) আয় ও ব্যয়ের বিবরণ ২৭
- বার্ষিক উন্নয়ন কর্মসূচি (ডিপিপি) এর আয় ও ব্যয়ের বিবরণ ২৮
- বৈদেশিক সহায়তাপুষ্ট প্রকল্পসমূহের আয় ও ব্যয়ের বিবরণ ৩০

BACS এর ছক অনুযায়ী ২০২৩-২০২৪ অর্থ বছরের বাজেট ৩৪

বিভাগভিত্তিক কার্যক্রমের বিবরণ ৫৫

# নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন

# বাজেট বক্তৃতা

## অর্থবছর : ২০২৪-২০২৫

**সম্মানিত নগরবাসী, আমন্ত্রিত অতিথিবৃন্দ, সাংবাদিক বন্ধুগণ, কাউন্সিলরবৃন্দ, কর্মকর্তা/কর্মচারীবৃন্দ ও উপস্থিত সুধীমণ্ডলী,**

আস্‌সালামু আলাইকুম।

নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের ২০২৪-২০২৫ অর্থবছরের বাজেট উপস্থাপনের প্রাক্কালে আমি বিনম্র শ্রদ্ধায় স্মরণ করছি সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি, স্বাধীনতার মহান স্থপতি, আমাদের জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে।

আমি গভীর শ্রদ্ধায় স্মরণ করছি বঙ্গমাতা ও বঙ্গবন্ধু পরিবারের সকল সদস্যকে যারা কলঙ্কময় ১৯৭৫ সালের ১৫ আগস্টে নৃশংসভাবে শহিদ হয়েছেন।

শ্রদ্ধাবনত চিত্তে স্মরণ করছি ১৯৭৫ সালের ৩ নভেম্বর কেন্দ্রীয় জেলখানায় শহিদ হওয়া বঙ্গবন্ধুর সুযোগ্য সহচর জাতীয় চার নেতাকে।

গভীর ভালবাসা এবং শ্রদ্ধায় আরও স্মরণ করছি সেই সকল অকুতোভয় বীর মুক্তিযোদ্ধাদেরকে যারা বিনা দ্বিধায় হাতে তুলে নিয়েছিলেন অস্ত্র, লড়াই করেছেন অসীম সাহসে, জীবন দিয়েছেন একটি স্বাধীন ও স্বনির্ভর বাংলাদেশ গড়ার জন্য।

মহান সৃষ্টিকর্তার কাছে আমি তাঁদের সকলের আত্মার মাগফেরাত কামনা করছি।

সুগভীর শ্রদ্ধায় স্মরণ করছি সকল বীর মুক্তিযোদ্ধাসহ একাত্তর সালে নির্যাতিতা মা-বোনদের যারা আমাদের স্বাধীনতা অর্জনের জন্য সর্বোচ্চ ত্যাগ স্বীকার করেছেন।

নানা প্রতিকূল পরিবেশের মধ্যেও নিরবচ্ছিন্ন উন্নয়নের ধারা বজায় রেখে বিশ্বের মানচিত্রে বাংলাদেশকে যিনি অনন্য উচ্চতায় আসীন করেছেন তিনি আমাদের প্রাণপ্রিয় নেত্রী, স্মার্ট বাংলাদেশের রূপকার, বঙ্গবন্ধুর সুযোগ্য কন্যা, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী দেশরত্ন শেখ হাসিনা। আমি তাঁর প্রতি কৃতজ্ঞতা জানাচ্ছি। তিনি আমার উপর আস্থাশীল হয়ে আমাকে বার বার মনোনীত করে নগরবাসীর সেবা করার সুযোগ প্রদান করেছেন।

**প্রিয় নগরবাসী,**

আপনাদের **প্রয়োজনীয় সেবা প্রদানের মাধ্যমে একটি পরিবেশ বান্ধব, পরিচ্ছন্ন, সুস্থ, নিরাপদ ও দারিদ্রমুক্ত পরিকল্পিত নগরী** গড়ে তোলার লক্ষ্য বাস্তবায়নের জন্য বিগত ২০০৩ সাল থেকে অদ্যাবধি আমাকে বার বার নির্বাচিত করেছেন। আপনাদের অর্পিত দায়িত্ব অতীতের মতো দল-মত নির্বিশেষে



সততা, নিষ্ঠা ও আন্তরিকতার সাথে পালন করে নগরবাসীর জীবনমান উন্নয়নের জন্য আপ্রাণ চেষ্টা করছি।

**"সবুজ-শ্যামল জনপদ, নগর গড়ি নিরাপদ"**— এই অঙ্গীকার নিয়ে ২০২২ সালে পুনরায় নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের মেয়র নির্বাচিত হওয়ার পর ৩য় বারের মতো ২০২৪-২০২৫ অর্থবছরের বাজেট ঘোষণা করতে পেরে আমি অত্যন্ত আনন্দিত। বাজেট ঘোষণার অনাড়ম্বর এ অনুষ্ঠানে আপনাদের সকলকে জানাই আন্তরিক অভিনন্দন ও শুভেচ্ছা।

**সম্মানিত সুধীবৃন্দ,**

আনন্দের সাথে জানাচ্ছি যে, বিগত ১৪ নভেম্বর ২০২৩ তারিখ গণভবন থেকে ভিডিও কনফারেন্সের মাধ্যমে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা এমপি নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন কর্তৃক ৪৬০ কোটি ৭৯ লক্ষ টাকা ব্যয়ে বাস্তবায়িত ১০টি উন্নয়ন প্রকল্পের শুভ উদ্বোধন করেন। প্রকল্পগুলো হলো— নগর ভবন, শেখ রাসেল পার্ক, বঙ্গবন্ধুর স্মৃতি বিজড়িত পাইকপাড়া মিউচুয়েল ক্লাব, বাবুরাইল খাল, সিদ্ধিরগঞ্জ লেক, পাক পাঞ্জাতন সিটি জামে মসজিদ, আলী আহাম্মদ চুনকা নগর পাঠাগার ও মিলনায়তন, কলরব কিন্ডারগার্টেন, সিটি ওয়েলফেয়ার মাঠ ও সোনাকান্দা খেলার মাঠ।

**সুপ্রিয় নগরবাসী,**

বাংলাদেশের বন্ধুপ্রতীম দেশ জাপানের নারুতো সিটির সাথে ২০২০ সালে নারায়ণগঞ্জ নগরীর একটি **বন্ধুত্বপূর্ণ সমঝোতা স্মারক** স্বাক্ষরিত হয়। এর ধারাবাহিকতায় গত ২৮ নভেম্বর ২০২৩ তারিখ জাপানের রাষ্ট্রদূত ও নারুতো নগরীর ৩৬ সদস্যবিশিষ্ট প্রতিনিধি দল নারায়ণগঞ্জ নগরীর বিভিন্ন উন্নয়ন প্রকল্প পরিদর্শন শেষে **জাপানের ঐতিহ্যবাহী জাতীয় ফুল হিসেবে পরিচিত 'চেরি' বা 'সাকুরা' ফুল গাছ** নগর ভবন প্রাঙ্গণে রোপণ করেন। পাশাপাশি নগর ভবন সম্মুখস্থ নারায়ণগঞ্জ-নারুতো ফ্রেন্ডশিপ সিটির নিদর্শনস্বরূপ **'নারায়ণগঞ্জ-নারুতো মৈত্রী বিপণী'**র শুভ উদ্বোধন করা হয়। বিগত ২৯ মে ২০২৪ তারিখ আলী আহম্মদ চুনকা নগর পাঠাগার ও মিলনায়তনে জাপানের রাষ্ট্রদূতসহ ৩০ সদস্যবিশিষ্ট প্রতিনিধি দলের উপস্থিতিতে নারায়ণগঞ্জ-নারুতো মৈত্রী সম্পর্ক এর প্রথম বর্ষপূর্তি উদ্‌যাপন করা হয়।

নারায়ণগঞ্জ ও নারুতো মৈত্রী চুক্তির আওতায় নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের অধীনে পরিচালিত মুসুবু জাপানিজ ল্যাঙ্গুয়েজ এ্যান্ড কালচারাল সেন্টারের **প্রথম ব্যাচের স্টুডেন্টদের মধ্য থেকে** TITP **(টেকনিক্যাল ইন্টার্ন ট্রেনিং প্রোগ্রাম) জব ভিসায় ১৩ জন ও** SSW **(স্কট স্কিলড ওয়ার্কার) জব ভিসায় ৪ জনসহ মোট ১৭ জন চূড়ান্তভাবে নির্বাচিত হয়েছে।**



**সুপ্রিয় সুধীবৃন্দ,**

নারায়ণগঞ্জ নগরীকে বসবাসযোগ্য এবং পরিকল্পিত নগর গড়ে তোলার লক্ষ্যে নগরীর কার্বন নির্গমন হ্রাস, পরিবেশ, প্রতিবেশ, জলবায়ু উন্নয়নে গৃহীত পদক্ষেপের কারণে দুর্যোগজনিত ক্ষয়ক্ষতি প্রশমন এবং অভিযোজনে নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের ভূমিকার জন্য Global Covenant of Mayors (GCoM) **২০২৩ সালের আঞ্চলিক কর্মশালায় নারায়ণগঞ্জ নগরী বিশেষ সম্মাননা অর্জন করে।**

**প্রিয় নগরবাসী,**

বিশ্বব্যাংকের সহায়তাপুষ্ট Local Government COVID-19 Response & Recovery Project এবং LGED-JICA সহায়তাপুষ্ট Urban Development and City Governance Project এর মাধ্যমে প্রায় ৬৬৬ কোটি টাকা ব্যয়ে রাস্তা, ড্রেন, খোলা স্থান, খেলার মাঠ, স্যানিটারি ল্যান্ডফিল, কমিউনিটি সেন্টার নির্মাণসহ কবরস্থান, খেলার মাঠ উন্নয়ন এবং পুকুর, খাল ও পাবলিক প্লেস পুনরুদ্ধার কাজ চলমান রয়েছে।

৭৩৫.১৮ কোটি টাকা ব্যয়ে **'কদমরসুল ব্রিজ'** নির্মাণকল্পে ইতোমধ্যে দরপত্র মূল্যায়ন কার্যক্রম সম্পন্ন হয়েছে। কার্যাদেশ প্রদানের লক্ষ্যে CCGP (Cabinet Committee on Government Purchase) এর অনুমোদনের জন্য LGED কর্তৃক ক্রয় প্রস্তাব স্থানীয় সরকার বিভাগে প্রেরণ করা হয়েছে।

এছাড়া জিওবি ও বৈদেশিক সহায়তায় বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে ৩২৮৮ কোটি ১২ লক্ষ টাকা ব্যয়ে ৫টি প্রকল্প প্রস্তাব করা হয়েছে। অনুমোদন পেলে প্রকল্পগুলো বাস্তবায়ন করা হবে।

**সম্মানিত সুধীবৃন্দ,**

নগরীর ভৌত অবকাঠামো উন্নয়নের পাশাপাশি দরিদ্র জনগোষ্ঠীর আর্থ-সামাজিক উন্নয়ন, নারীর ক্ষমতায়ন, সামাজিক সম্প্রীতি দৃঢ়করণের লক্ষে সিটি কর্পোরেশনের আওতায় বিভিন্ন কর্মসূচী গ্রহণ ও বাস্তবায়ন করা হচ্ছে। নগরীর ২৭টি ওয়ার্ডে ৪৪৪১৪টি পরিবার নিয়ে ১৮৭টি সিডিসি গঠন করে দরিদ্রদের সহজ শর্তে ক্ষুদ্র ঋণ, শিক্ষা সহায়তা, গৃহনির্মাণ ঋণ, ডিজিটাল স্বাস্থ্যসেবা ও ক্ষুদ্র স্বাস্থ্য বীমা সেবা, বিভিন্ন ক্যাটাগরিতে দক্ষতা প্রশিক্ষণ, স্বাস্থ্য বিষয়ক শিক্ষা ও উপকরণ, গর্ভবতী ও শিশুদের পুষ্টি খাদ্য সহায়তা প্রদান করা হচ্ছে। নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন ও সমাজসেবা অধিদপ্তরের সহযোগিতায় সরকারের সামাজিক নিরাপত্তা কর্মসূচীর আওতায় বয়স্ক ভাতা, প্রতিবন্ধী ভাতা, শিক্ষার্থীদের উপবৃত্তি প্রদানসহ ক্যান্সার/কিডনি/লিভার সিরোসিস আক্রান্ত রোগীদের আর্থিক সহায়তা প্রদান করা হচ্ছে। **টিসিবি'র ফ্যামিলি কার্ডের মাধ্যমে ন্যায্য মূল্যে ১১৫০০০টি পরিবারের নিকট প্রতি মাসে (চাল, ডাল, তেল, চিনি) ইত্যাদি পণ্য বিক্রয় করা হচ্ছে।**

সিটি পর্যায়ে Multi Sectoral Nutrition Coordination Committee গঠনের মাধ্যমে শহরে সমন্বিতভাবে পুষ্টি ও স্বাস্থ্য কার্যক্রম বাস্তবায়নের জন্য একটি বার্ষিক কর্মপরিকল্পনা প্রণয়ন করা হয়েছে। নাগরিকদের স্বল্পমূল্যে স্বাস্থ্যসেবা প্রদানের লক্ষে নগরীর বিভিন্ন ওয়ার্ডে ০২টি নগর স্বাস্থ্যকেন্দ্রে ও ০১টি নগর মাতৃসদনে নিয়মিত চিকিৎসা সেবা কার্যক্রম চলমান আছে। **এইচপিভি টিকাদানের মাধ্যমে এ বছর নগরীর ৩৫৫ টি শিক্ষা প্রতিষ্ঠানে ৫ম শ্রেণি থেকে ৯ম শ্রেণির ১০ থেকে ১৪ বছর বয়সী প্রায় ৩০০০ জন স্কুল পর্যায়ের শিক্ষার্থীকে টিকা প্রদান করা হয়েছে।** এইচপিভি টিকাদানের নিশ্চিত করার ফলে নারীদের জরায়ুরমুখ ক্যান্সার প্রতিরোধ ও ক্যান্সারজনিত মৃত্যু হ্রাস পাবে। স্বল্প খরচে মানসম্পন্ন ডায়ালাইসিস সেবা ও প্যাথলজিক্যাল সেবা নিশ্চিত করার লক্ষ্যে সোনার বাংলা ফাউন্ডেশন ও সিটি কর্পোরেশনের যৌথ উদ্যোগে দেওভোগস্থ এনসিসি'র নগর স্বাস্থ্যকেন্দ্রে **কিডনী ডায়ালাইসিস সেন্টার** স্থাপন করা হয়েছে। সম্প্রসারিত টিকাদান কর্মসূচিকে (ইপিআই) আর ফলপ্রসু ও বেগবান করার লক্ষ্যে ইউনিসেফ বাংলাদেশের অর্থায়নে MACP প্রকল্পের মাধ্যমে ইমিউনাইজেশন ই-ট্র্যাকার শীর্ষক প্রশিক্ষণ এবং স্বাস্থ্যকর্মীদের মাঝে ট্যাব বিতরণ করা হয়েছে। UNICEF এর অর্থায়নে ও PHD নামক এনজিও এর



সহায়তায় প্রাথমিক স্বাস্থ্যসেবা নিশ্চিত করার লক্ষ্যে নারায়ণগঞ্জ নগরীর ১৫নং ওয়ার্ডে মহিম গাঙ্গুলী রোড, পদ্ম সিটি প্লাজা-৩-এ **'আলো ক্লিনিক'** স্থাপন করা হয়েছে। UK Aid এর সহায়তায় **'মমতাময়ী নারায়ণগঞ্জ'** প্রকল্পের মাধ্যমে নারায়ণগঞ্জ নগরীর ১৬টি ওয়ার্ডে দুঃস্থ ও দুরারোগ্য ব্যাধিতে আক্রান্ত ব্যক্তিদের প্রয়োজনীয় চিকিৎসা সেবা ও মানবিক সাহায্য প্রদান করে থাকে।

**প্রিয় নগরবাসী,**

নারায়ণগঞ্জবাসীর দাবীতে ২০১৯ সালের ৩১ অক্টোবর ঢাকা ওয়াসার নারায়ণগঞ্জ মড্‌স অঞ্চলের পানি সরবরাহ কার্যক্রম নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন গ্রহণ করে। পানি সরবরাহের লাইনসমূহ অতি পুরাতন, পাইপ লাইনে ফাটল, অবৈধ সংযোগ ও সিস্টেম লসের কারণে বর্তমানে পর্যাপ্ত বিশুদ্ধ পানি সরবরাহ করা সম্ভব হচ্ছে না। পানি সঞ্চালন ও বিতরণ পাইপলাইনে সর্বদা প্রয়োজনীয় পানির চাপ বজায় রেখে **নগরবাসীকে সার্বক্ষণিক বিশুদ্ধ পানি সরবরাহের লক্ষ্যে ১৭০০ কোটি টাকা ব্যয় সম্বলিত ডিপিপি প্রণয়ন করা হয়েছে**। ডিপিপি অনুমোদিত হলে ২০২৪-২০৩১ সালের মধ্যে প্রকল্পটি বাস্তবায়িত হবে।

স্থানীয় সরকারের অন্যতম উদ্দেশ্য জনগণকে সেবা প্রদান করা। এই সেবা প্রদানের ক্ষেত্রে স্থানীয় পর্যায়ে রাজস্ব সংগ্রহ একটি গুরুত্বপূর্ণ বিষয়। স্থানীয় রাজস্বের অন্যতম উৎস হচ্ছে হোল্ডিং ট্যাক্স। গত অর্থবছরে এ খাতে মোট দাবী ছিল ৯৮ কোটি ২৪ লক্ষ ৬৫ হাজার ৯৩৯ টাকা, তন্মধ্যে আদায় হয়েছে ৫১ কোটি ২৫ লক্ষ ১৯ হাজার ৬১৪ টাকা, বকেয়া রয়েছে ৪৬ কোটি ৯৯ লক্ষ ৪৬ হাজার ৩২৫ টাকা। আদায়ের হার ৫২.১৭%। গত বছরের তুলনায় ১৪% বেশী। এছাড়াও পানির বিল বকেয়া রয়েছে ৩৩ কোটি ৬২ লক্ষ ০৬ হাজার ৩৭৮ টাকা। এ পর্যন্ত (৩০/০৬/২০২৪) অনলাইনে ট্রেড লাইসেন্স প্রদান করা হয়েছে ১৫৯৮৭টি। **নগরবাসীর প্রতি সময় মতো পৌর কর ও পানির বিল পরিশোধ এবং ট্রেড লাইসেন্স নিয়ে ব্যবসা করার জন্য আহ্বান জানাচ্ছি**।

বর্জ্য ব্যবস্থাপনার আধুনিকায়ন এবং স্বাস্থ্যসম্মত উপায়ে বর্জ্য সংগ্রহ ও অপসারণে প্রায় ৩৩৪.৫২ কোটি টাকা ব্যয়ে জালকুড়িতে ২৩.২৮ একর জমিতে স্থায়ী ডাম্পিং গ্রাউন্ড নির্মাণ কাজ সম্পন্ন হয়েছে এবং কদমরসুল অঞ্চলে প্রায় ৬৬ একর ভূমি অধিগ্রহণ প্রক্রিয়াধীন রয়েছে। মেডিক্যাল ও প্লাস্টিক বর্জ্য ব্যবস্থাপনার জন্য বিশেষ উদ্যোগ গ্রহণ করা হয়েছে। **আসুন পরিচ্ছন্ন নগরী গড়ে তোলার জন্য নির্দিষ্ট সময় ও নির্ধারিত স্থান ব্যতীত যত্রতত্র ময়লা-আবর্জনা ফেলা থেকে বিরত থাকি**।

বর্ষা মৌসুমে এডিস মশার কামড়ে ডেঙ্গু নামক ভাইরাসজনিত সংক্রমণের হার বেড়ে যায়। ডেঙ্গু প্রতিরোধে জনগণকে ডেঙ্গু বিষয়ে সচেতন করে তোলার পাশাপাশি প্রতিদিন সকালে মশার কীটনাশক/ঔষধ Larvicide এবং Lite Diesel Oil (L.D.O) হ্যান্ড স্প্রে মেশিন দ্বারা ছিটানো হয়ে থাকে। **মশার লার্ভা ধ্বংসের জন্য ২৭টি ওয়ার্ডে নতুন প্রযুক্তি 'ওয়েল বল' প্রয়োগ করা হচ্ছে। ডেঙ্গু প্রতিরোধে আমাদের সম্মিলিত সামাজিক আন্দোলন গড়ে তুলতে হবে**।



**সুপ্রিয় নগরবাসী,**

আগামী ২০ বছর সময়সীমাকে বিবেচনা করে শিশুবান্ধব জল-সবুজের নগরী গড়ে তোলার জন্য বিভিন্ন মেয়াদী নগর উন্নয়ন পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। এর মধ্যে উল্লেখযোগ্য—

- সবুজ এবং পরিকল্পিত নগর গড়ে তোলার জন্যে সমন্বিত ড্রেনেজ মাস্টার প্ল্যান প্রণয়নসহ ড্রেন

নির্মাণ, জলাধার সংরক্ষণ এবং সংস্কারের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

- থ্রি-আর (হ্রাসকরণ, পুনর্ব্যবহার, পুনঃচক্রায়ন) বর্জ্য ব্যবস্থাপনা নিশ্চিত করে নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনকে কার্বনমুক্ত, পরিচ্ছন্ন নগরী হিসেবে গড়ে তোলা।
- স্বাস্থ্যসম্মত নগরী গড়ে তোলার জন্যে শতভাগ স্যানিটেশন ব্যবস্থা নিশ্চিত করা।
- সুপেয় পানি সরবরাহের জন্যে পানি সরবরাহ ব্যবস্থা উন্নত করা।
- দুর্যোগের ঝুঁকি হ্রাস করার নিমিত্তে পানীয় জল হিসেবে ব্যবহারের জন্য ভূগর্ভস্থ পানি ব্যবহার পরিহার করে সার্ফেস ওয়াটার ব্যবহারের জন্য আধুনিক পানি শোধণাগার নির্মাণ করা।
- শতভাগ শিল্প এবং গৃহস্থালি বর্জ্য পরিশোধনের জন্য সমন্বিত ইটিপি এবং পরিশোধনাগার স্থাপন করা।
- নারায়ণগঞ্জকে মেট্রো রেলের সাথে সংযুক্ত করে ট্রাফিক ব্যবস্থার উন্নয়ন সাধনপূর্বক যানজট মুক্ত নগরী গড়ে তোলা।
- যানজট নিরসনে নতুন বাস টার্মিনাল, ট্রাক টার্মিনাল নির্মাণসহ আধুনিক ও উন্নত গণপরিবহন ব্যবস্থা চালু করার উদ্যোগ নেয়া।

**সম্মানিত সুধীবৃন্দ,**

চলমান বৈশ্বিক রাজনৈতিক প্রেক্ষাপট এবং অভ্যন্তরীণ সামষ্টিক অর্থনীতির অবস্থা বিবেচনা করে আপনাদের সকল প্রকার সুযোগ সুবিধার প্রতি লক্ষ্য রেখে সম্পূর্ণ বাস্তবতার নিরিখে আয়ের সাথে ব্যয়ের সঙ্গতি রেখে বাজেট প্রণয়ন করা হয়েছে। **আমি আজকের এই অধিবেশনে ২০২৪-২০২৫ অর্থ বছরের জন্য রাজস্ব ও উন্নয়নে মোট ৮৭৯ কোটি ৪৭ লক্ষ ৯ হাজার ৬৩১ টাকার বাজেট ঘোষণা করছি।**

পরিশেষে বলতে চাই, এই নগর আমাদের সকলের। নগরবাসীর একটু সচেতনতায় আমরা উৎসাহিত হবো, একই সাথে এনসিসি'র কাজও অনেক সহজ হয়ে যাবে। আমাদের সার্বিক কর্মকাণ্ড সম্পর্কে আপনাদের ও গণমাধ্যমের গঠনমূলক সমালোচনা আশা করি। আর ভালো কাজগুলোকে তুলে ধরলে আমরা আরও ভালো কাজ করতে অনুপ্রাণিত হবো।

সকলকে ধন্যবাদ।

**ডা. সেলিনা হায়াৎ আইভী**
মেয়র
নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন



# নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের ২৭টি ওয়ার্ডে
# এ যাবত বাস্তবায়িত এবং বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের বিবরণ

| ওয়ার্ড নং | অর্থবছর ২০১১-২০১৬ (টাকা) | অর্থবছর ২০১৭-২০২১ (টাকা) | অর্থবছর ২০২১-২০২৪ (টাকা) | সর্বমোট (টাকা) |
|---|---|---|---|---|
| **ক) সিদ্ধিরগঞ্জ অঞ্চল ঃ** | | | | |
| ১ | ৮৭৭২৯২৫১.০০ | ৩৭৭৪৯৪৩১.০০ | ০.০০ | ১২৫৪৭৮৬৮২.০০ |
| ২ | ৫৬১১৮৯৩৩.০০ | ৭৯৩৬১০৭.০০ | ০.০০ | ৬৪০৫৫০৪০.০০ |
| ৩ | ৮৮১০১৯৫৫.০০ | ১২০৩০৫৭৫.০০ | ০.০০ | ১০০১৩২৫৩০.০০ |
| ৪ | ৬৪২১৬৭৩৩.০০ | ৮১০২৪৭৯.০০ | ০.০০ | ৭২৩১৯২১২.০০ |
| ৫ | ৭৬৭৮৭১৫৮.০০ | ১৫৪৮৩৮২০.০০ | ২৪২৩০০০০.০০ | ১১৬৫০০৯৭৮.০০ |
| ৬ | ৪৫৪৫২৯০৯.০০ | ৫৮৩৪৭৭২.০০ | ০.০০ | ৫১২৮৭৬৮১.০০ |
| ৭ | ৫০৭৮৯৮৮৪.০০ | ৬৮৬৯১৫২.০০ | ০.০০ | ৫৭৬৫৯০৩৬.০০ |
| ৮ | ৭৯০৩২০৬৩.০০ | ২০৯২৯১৯৫.০০ | ০.০০ | ৯৯৯৬১২৫৮.০০ |
| ৯ | ৬৭৬১৭৮৭৪.০০ | ৪৮৭৩৩৮০.০০ | ০.০০ | ৭২৪৯১২৫৪.০০ |
| মার্কেট ও ভবন নির্মাণ, সংস্কার ও মেরামত বাবদ | | | | ২৪২৩৮৮১৫৮.০০ |
| পৌরসভার আমলে টেন্ডারকৃত বিল পরিশোধ | | | | ১০৬৫০২৮৯৭.০০ |
| | | | মোট (ক) = | **১১০৮৭৭৬৭২৬.০০** |
| **খ) নারায়ণগঞ্জ অঞ্চল ঃ** | | | | |
| ১০ | ১৯৬১৮২৫৩ | ৮৩৫৪৬৭৮ | ৭৪০০০০ | ২৮৭১২৯৩১.০০ |
| ১১ | ২৯৫১০৮৩৭ | ১৮৮৮৭০০২ | ১০৬২০০০ | ৪৯৪৫৯৮৩৯.০০ |
| ১২ | ৪৩৮১৩২১৬ | ৪৭০৮০৬০৬ | ১৪৪৬২০০০ | ১০৫৩৫৫৮২২.০০ |
| ১৩ | ১৩৫৮৪০৫৭৯ | ৮৬৩৫৩৩৪৮ | ২৩১৮০০০ | ২২৪৫১১৯২৭.০০ |
| ১৪ | ২৯৫২৮০১৪ | ১২৬৭৪৫৬৮ | ৮২২০০০ | ৪৩০২৪৫৮২.০০ |
| ১৫ | ২১৫৯৪০৯১৮ | ৩৩৬২০০৮৮৫ | ৩৮০৫২০০০ | ৫৯০১৯৩৮০৩.০০ |
| ১৬ | ১২৪৫৫৯৭৯১ | ১৯৪২২৫৯৬১ | ১২৮৮০০০ | ৩২০০৭৩৭৫২.০০ |
| ১৭ | ১৫০৮৯৩৬৫ | ৩৪৭৬৩২৩৬ | ৭৯২৮৮০০০ | ১২৯১৪০৬০১.০০ |
| ১৮ | ৩৫১১৪৩০৫ | ৩৩৮১১৩১৪ | ১৩৭৯০০০ | ৭০৩০৪৬১৯.০০ |
| মার্কেট ও ভবন নির্মাণ, সংস্কার ও মেরামত বাবদ | | | | ৩০৫৯৭৮৫৩৩৪.০০ |
| | | | মোট (খ) = | **৪৬২০৫৬৩২১০.০০** |
| **গ) কদমরসুল অঞ্চল ঃ** | | | | |
| ১৯ | ৬৮০২২১৫০ | ৭০৫০৮৮১৮ | ৬৩৩০০০ | ১৩৯১৬৩৯৬৮.০০ |
| ২০ | ২৯১৫৩৪৬৩৭ | ১৬৯৯৬২৬ | ৬৯৬০০০ | ২৯৩৯৩০২৬৩.০০ |
| ২১ | ৭৪৮৬৯৭৮৫ | ৪৬৫৭৭৭০ | ৪৩৯৫৯০০০ | ১২৩৪৮৬৫৫৫.০০ |
| ২২ | ৯৮৭৫২০৯৫ | ১৮০৫৮৮২৭ | ১৫২১০০০ | ১১৮৩৩১৯২২.০০ |
| ২৩ | ১৪৪৩৫৯৬৯৪ | ২৪৫৮৩৭২১০ | ১০৩৭৫০০০ | ৪০০৫৭১৯০৪.০০ |
| ২৪ | ১২১৯৯০৫৩০ | ২৯৯০৩১৫৯ | ৯৪৮০০০ | ১৫২৮৪১৬৮৯.০০ |
| ২৫ | ৬০২০৬২৪৬ | ২৭৬৩৩০৫২ | ৯৩৩০০০ | ৮৮৭৭২২৯৮.০০ |
| ২৬ | ২৩২২৮৫৬০ | ২০৬৯৭৪৪ | ৫৩১০০০ | ২৫৮২৯৩০৪.০০ |
| ২৭ | ৬২১৮৭২২১ | ১৪৮৫৮৪৬৪ | ১০৩২০০০ | ৭৮০৭৭৬৮৫.০০ |
| | | | মোট (গ) = | **১৪২১০০৫৫৮৮.০০** |
| **ঘ) বার্ষিক উন্নয়ন কর্মসূচি ও বৈদেশিক সহায়তাপুষ্ট প্রকল্প ঃ** | | | | |
| i) নগর ভবন | | | | ৭৫৬১৫৮৭২০.০০ |
| ii) ডিপিপি (৩৯৫০৩০৫০২৮+৯৯৯৭৭১৭৮৪+২৩৭১৫০৬১৮৩) | | | | ৭৩২১৫৮২৯৯৫.০০ |
| iii) এমজিএসপি (১৬৩৯৬৩১১৩+৪৮৯৪৩৭১৭৬+২৪৭৮১৭৬৬২) | | | | ৯০১২১৭৯৫১.০০ |
| iv) জাইকা (৩২১৭০০০০০০+৫০৯০৬৪৪২৮+১০০৩৮০৪৪০৯) | | | | ৪৭২৯৮৬৮৮৩৭.০০ |
| v) Urban Development City Governance Project (UDCGP) | | | | ২০৮৫৩০০০০০.০০ |
| vi) Local Government COVID-19 Response & Recovery Project (LGCRRP) | | | | ৪৪০৭৯৯৫৯৩.০০ |
| vii) শীতলক্ষ্যা-ধলেশ্বরী সংযোগ খাল পুনঃখনন, সৌন্দর্যবর্ধন, আলোকিতকরণ ও ড্রেনসহ ওয়াকওয়ে নির্মাণ | | | | ২০৫৭৯৯১০০০.০০ |
| viii) নগর সৌন্দর্য বৃদ্ধিকরণ | | | | ২০৯৬৪০০০.০০ |
| ix) নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের অবকাঠামো নির্মাণ ও উন্নয়ন (এলইডি বাতি স্থাপন) | | | | ৪৭০০০০০০০.০০ |
| x) নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের কদমরসুল অঞ্চলে কঠিন বর্জ্য ব্যবস্থাপনার জন্য ভূমি অধিগ্রহণ ও উন্নয়ণ | | | | ২৬৬১৯০০২৪৩.০০ |
| xi) নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনে কঠিন বর্জ্য অপসারণ ও ব্যবস্থাপনা শীর্ষক প্রকল্পের ভূমি অধিগ্রহণ ও সীমানা প্রাচীর নির্মাণ এবং বালু ভরাটকরণ। | | | | ৩৩৪৭৫০১০০০.০০ |
| xii) নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনে পরিচ্ছন্ন কর্মী নিবাস নির্মাণ প্রকল্প | | | | ১১৪৪২০৩০০০.০০ |
| xiii) ক্ষুদ্র ব্যবসায়ীদের পুনর্বাসন সহ নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের আওতাধীন এলাকায় অপরাজিতা নগর বিদ্যালয় নির্মাণ | | | | ২৭৪৯৬৭৯৪৬.০০ |
| xiv) রিক্সা, ভ্যান এর টিনপ্লেট তৈরি ও বিতরণ | | | | ১৫৮৩০০০.০০ |
| | | | মোট (ঘ) = | **২৬২১৪০৩৮২৮৫.০০** |
| | | | সর্বমোট (ক+খ+গ+ঘ) = | **৩৩৩৬৪৩৮৩৮০৯.০০** |




নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন

## এক নজরে নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের
## ২০২৩-২০২৪ অর্থ বছরের সংশোধিত বাজেট
## ও
## ২০২৪-২০২৫ অর্থবছরের প্রস্তাবিত বাজেট


| | বিবরণ | ২০২২-২০২৩ | ২০২৩-২০২৪ | ২০২৪-২০২৫ |
|---|---|---|---|---|
| ক) | **প্রারম্ভিক স্থিতি** | **১৫৭২৪৬০২৭৬.০০** | **৯৫৯৪৫৭০৯৯.০০** | **৮৬৮১৯০০০৫.৫৪** |
| খ) | **আয়** | | | |
| | ১) রাজস্ব (সাধারণ) | ১১৩৮১৩৯৮৪০.০০ | ১৪৪২৫৯৩৪৪৪.৩২ | ১৭২৩৮০৩৩০১.০০ |
| | ২) পানি সরবরাহ | ২২০২০৭৫২৯.০০ | ২৫৩১১৭১৪৩.০০ | ২৮৮৭৫২৮৭৫.০০ |
| | ৩) সরকার প্রদত্ত উন্নয়ণ সহায়তা (থোক) | ১২০৭৮৩৩৬৩.০০ | ১৫৯৬০৮০০০.০০ | ১৮০০০০০০০.০০ |
| | ৪) সরকার প্রদত্ত উন্নয়ন সহায়তা (বিশেষ) | ০.০০ | ০.০০ | ০.০০ |
| | ৫) বৈদেশিক সহায়তাপুষ্ট প্রকল্প | ৪৪৮৪২১৮৬৭.০০ | ৭০৬০০২৬৬৩.০০ | ৫০৮২৩৬৩৪৫০.০০ |
| | ৬) বার্ষিক উন্নয়ন কর্মসূচি প্রকল্প সহায়তা (ডিপিপি) | ১১৭৭৫১৭৮৪৫.০০ | ২১১২৮৫৭৮৩৯.২২ | ৬৫১৬০০০০০.০০ |
| | **মোট আয়** | **৩১০৫০৭০৪৪৪.০০** | **৪৬৭৪১৭৯০৮৯.৫৪** | **৭৯২৬৫১৯৬২৬.০০** |
| গ) | **সর্বমোট আয় (ক+খ)** | **৪৬৭৭৫৩০৭২০.০০** | **৫৬৩৩৬৩৬১৮৮.৫৪** | **৮৭৯৪৭০৯৬৩১.৫৪** |
| ঘ) | **ব্যয়** | | | |
| | ১) রাজস্ব (সাধারণ) | ৫৩০৭৩৪৯৫০.০০ | ৫৫৬৭৬৭০৬৯.০০ | ৯৬৪৪৪০০০০.০০ |
| | ২) পানি সরবরাহ | ২৫১৩৫৬১১৪.০০ | ২৬৬৫৫৭৯০৫.০০ | ২৯৩১৫০০০০.০০ |
| | ৩) রাজস্ব উন্নয়ন | ৭৩৬৯২৩৭৮৯.০০ | ৭৬১২৮২৮২৫.০০ | ৬৭৭৫১৫০০০.০০ |
| | ৪) বার্ষিক উন্নয়ন কর্মসূচি | ১৬৩৭১৮২০৪.০০ | ১৬৩৪৫২৫৮১.০০ | ১৮৪৫০০০০০.০০ |
| | ৫) বার্ষিক উন্নয়ন কর্মসূচি (ডিপিপি) | ১৬৯৪৭০২৩৯৬.০০ | ২৩২০৯১৬৮০২.০০ | ৮৫৭৮৩০৬৭১.০০ |
| | ৬) বৈদেশিক সাহায্যপুষ্ট প্রকল্প সহায়তা | ৩৪০৬৩৮১৬৮.০০ | ৬৯৬৪৬৯০০১.০০ | ৫৪২৫০৭৮৮১৮.০০ |
| | **সর্বমোট ব্যয়** | **৩৭১৮০৭৩৬২১.০০** | **৪৭৬৫৪৪৬১৮৩.০০** | **৮৪০২৫১৪৪৮৯.০০** |
| ঙ) | **সমাপনী স্থিতি (গ-ঘ)** | **৯৫৯৪৫৭০৯৯.০০** | **৮৬৮১৯০০০৫.৫৪** | **৩৯২১৯৫১৪২.৫৪** |





## প্রস্তাবিত বাজেটে খাতভিত্তিক রাজস্ব আদায়ের হার






## খাতভিত্তিক প্রস্তাবিত বাজেটে রাজস্ব ব্যয়ের হার




উন্নয়ন আয়
১০%
৯%
৩%
৭৮%
সরকারী প্রদত্ত উন্নয়ণ সহায়তা মঞ্জুরী
বৈদেশিক সাহায্যপুষ্ট প্রকল্প সহায়তা
বার্ষিক উন্নয়ন কর্মসূচি প্রকল্প সহায়তা
রাজস্ব আয় (মার্কেট ও অন্যান্য)


উন্নয়ন ব্যয়
৩%
৮%
১%
১২%
৭৬%
অবকাঠামো নির্মাণ ও উন্নয়ন (রাজস্ব)
অবকাঠামো মেরামত ও রক্ষণাবেক্ষণ
বার্ষিক উন্নয়ন কর্মসূচি প্রকল্প সহায়তা
বৈদেশিক সাহায্যপুষ্ট প্রকল্প সহায়তা
বার্ষিক উন্নয়ন কর্মসূচি থোক বরাদ্দ


বাজেট (কোটি টাকায়)
১০০০.০০
৯০০.০০
৮০০.০০
৭০০.০০
৬০০.০০
৫০০.০০
৪০০.০০
৩০০.০০
২০০.০০
১০০.০০
০.০০
২০১৩-২০১৪
২০১৪-২০১৫
২০১৫-২০১৬
২০১৬-২০১৭
২০১৭-২০১৮
২০১৮-২০১৯
২০১৯-২০২০
২০২০-২০২১
২০২১-২০২২
২০২২-২০২৩
২০২৩-২০২৪
২০২৪-২০২৫


বাজেট (কোটি টাকায়)
৪০৩
৪২৪
৪৮৮
৬০১
৬৬৩
৭১৫
৮৭০
৭৫৫
৬৮৮
৫৮৮
৬৯৫
৮৭৯
২০১৩-২০১৪
২০১৪-২০১৫
২০১৫-২০১৬
২০১৬-২০১৭
২০১৭-২০১৮
২০১৮-২০১৯
২০১৯-২০২০
২০২০-২০২১
২০২১-২০২২
২০২২-২০২৩
২০২৩-২০২৪
২০২৪-২০২৫

